

Visit of the Prime Minister of Nepal to India (April 01-03, 2022)

March 28, 2022

নেপালের প্রধানমন্ত্রীর ভারত সফর (এপ্রিল 01-03, 2022)

মার্চ 28, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে নেপালের প্রধানমন্ত্রী দ্য রাইট মানমীয় শের বাহাদুর দিউবা তার স্ত্রী ডঃ আর্জু দিউবার সাথে 01-03 এপ্রিল 2022 -এ একটি সরকারি সফরে ভারতে আসছেন।

2021 -এর জুলাই মাসে পদাভিষিক্ত হবার পরে নেপালের প্রধানমন্ত্রীর বিদেশে এটাই প্রথম দ্বিপাক্ষিক সফর। প্রধানমন্ত্রীর সাথে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দলও ভারত সফর করবেন।

নেপালের প্রধানমন্ত্রী 02 রা এপ্রিল উপ রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করবেন এবং প্রধানমন্ত্রীর সাথে বৈঠক করবেন। বিদেশমন্ত্রী এবং জাতীয় সুরক্ষা উপদেষ্টা নেপালের প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করবেন। সরকারি ক্রিয়াকর্মের পাশাপাশি নেপালের প্রধানমন্ত্রী উত্তর প্রদেশের বারানসী দর্শন করবেন।

ভারত ও নেপাল বহু পুরনো এবং বিশেষ বন্ধুত্ব ও সহযোগিতার বন্ধন উপভোগ করে। সাম্প্রতিক বছরগুলিতে, অংশীদারিত্বটি সহযোগিতার সকল ক্ষেত্রে উল্লেখযোগ্য বৃদ্ধির সাক্ষী হয়েছে। আসন্ন সফরটি দুই পক্ষকে এই বিস্তৃত সহযোগিতামূলক অংশীদারিত্ব পর্যালোচনা করার এবং দুই দেশের জনগণের সুবিধার জন্য এটিকে আরও এগিয়ে নিয়ে যাবার সুযোগ দেবে।

নিউ দিল্লি

মার্চ 28, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.